



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৫-২-২০২০ তারিখে ইউনিট অফিসে সশরীরে উপস্থিত ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের মধ্য হতে ৪র্থ মেধা তালিকা থেকে ভর্তির পর শূন্য আসনের বিপরীতে উক্ত (৫-২-২০২০) তারিখে সশরীরে উপস্থিত ছাত্র-ছাত্রীদের মেধাক্রম অনুসারে ৫ম মেধা তালিকা থেকে ভর্তি সংক্রান্ত সময়সূচি ও নির্দেশিকা

| ক্র: | বিবরণ | সময়সূচি |
|------|--|---|
| ১. | ৫ম মেধা তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ। | ১৭-২-২০২০ থেকে ১৯-২-২০২০ তারিখ পর্যন্ত |
| ২. | অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য নিম্নোক্ত কাগজপত্র শিক্ষা শাখায় জমা। (ভর্তিকৃত শিক্ষার্থীকে ডাউনলোডকৃত ফরমের সাথে এস.এস.সি.ও এইচ.এস.সি./সম্মান-এর মূল সনদপত্র এবং নম্বরপত্র ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার হতে সংগৃহীত মেডিক্যাল সনদপত্র বিভাগ কর্তৃক সত্যায়নপূর্বক প্রত্যেকটির ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি এবং ডীন/পরিচালক-এর মাধ্যমে রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে উল্লিখিত কাগজপত্র জমা না দিলে ভর্তি বাতিলপূর্বক আসন শূন্য ধরে পরবর্তী মেধা তালিকা থেকে উক্ত শূন্য আসন পূরণ করা হবে।) | ২০-২-২০২০ তারিখ (সকাল ৯.০০ থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত) |

আবেদন করার নিয়মাবলি (মেধা তালিকা থেকে ভর্তির ক্ষেত্রে):

- ক) নির্ধারিত সময়সীমার মধ্যে ভর্তির জন্য যোগ্য শিক্ষার্থীকে ভর্তির যাবতীয় ফি ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট থেকে অথবা এজেন্টের রকেট একাউন্ট থেকে ভর্তি সম্পর্কিত **Biller ID 343** তে জমা দিতে হবে। উপরোক্ত সকল ফি এর সাথে ২০/- (বিশ) টাকা মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জ প্রযোজ্য হবে।
- খ) ju-admission.org ওয়েবসাইট থেকে "অনলাইন আবেদন" মেনুতে ক্লিক করে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন (IGCSE/A Level এর ক্ষেত্রে এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বরের পরিবর্তে ভর্তি পরীক্ষার আবেদন করার সময় প্রদেয় মোবাইল) নম্বর দিয়ে লগইন করুন। এরপর "আবেদন ফরম" মেনুতে ক্লিক করে সঠিক রকেট ট্রানজেকশন আইডি প্রদান করলে আবেদন ফরমটি আসবে।
- গ) অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং এস.এস.সি.ও এইচ.এস.সি./সম্মান-এর মূল সনদপত্র এবং নম্বরপত্র (সকল সনদপত্র **PDF/JPG** ফরম্যাটে এবং ফাইল সাইজ **৮০০ KB** এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে **Submit** করতে হবে।
- ঘ) আবেদনটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাচাই-বাছাই করবে এবং সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।
- পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড :**
- ঙ) এসএমএস পাওয়ার পর ju-admission.org ওয়েবসাইট থেকে পুনরায় লগইন করে "আবেদন ফরম ডাউনলোড" মেনুতে ক্লিক করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড/প্রিন্ট করে নির্ধারিত সময়সীমার মধ্যে নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাগজপত্রসহ শিক্ষা শাখায় জমা দিতে হবে।
- বিদ্র:** নেটওয়ার্ক সমস্যা/অন্য কোন কারণে এসএমএস না পেলেও সকল তথ্য সঠিক থাকলে যথাসময়ের মধ্যে লগইন করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করতে হবে।

DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া নিম্নরূপ:

- ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য *৩২২# ডায়াল করতে হবে।
- Bill Pay নির্বাচন করতে হবে।
- অতঃপর নিজের পেমেন্ট হলে 1. Self অথবা অন্য কারো জন্য পেমেন্ট করলে 2. Other নির্বাচন করতে হবে। 2. Other নির্বাচন করলে যার জন্য পেমেন্ট করা হচ্ছে তার মোবাইল নম্বর দিতে হবে।
- অতঃপর 0. Other নির্বাচন করতে হবে। এরপর Biller ID হিসেবে 343 টাইপ করতে হবে।
- Bill Number হিসেবে আবেদনকারীর ভর্তি পরীক্ষার রোল নম্বর টাইপ করতে হবে।
- Amount হিসেবে নির্ধারিত আবেদন ফি টাইপ করতে হবে।
- এবার DBBL মোবাইল ব্যাংকিং রকেট PIN টাইপ করতে হবে।
- পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি SMS এর মাধ্যমে একটি Transaction ID (Txnid) আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করতে হবে।

বিদ্র: উপরে উল্লিখিত তারিখ ও সময়সূচির প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্তনের সকল ক্ষমতা বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/- (মো. আবু হাসান)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি